


“ফকিরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, ফেঞ্চুগঞ্জ, সিলেট-এর পরিত্যক্ত/অব্যবহৃত ২০ সেট ডেস্ক-বেঞ্চ ও ০৩ টি টেবিল নিলামে
বিক্রয়ের বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার ফেঞ্চুগঞ্জ উপজেলাধীন ফকিরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিত্যক্ত/অব্যবহৃত ২০ সেট ডেস্ক-বেঞ্চ ও ০৩ টি টেবিল নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। নিলামে অংশগ্রহণে আগ্রহী ব্যক্তিবর্গকে আগামী ১৪/০১/২০২৬ খ্রি. বুধবার, সকাল ১০:৩০ টায়, উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট মহোদয়ের সম্মেলন কক্ষে উপস্থিত থেকে নিলামে অংশগ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

নিলামের শর্তাবলি:

- ১। আগ্রহী ব্যক্তিগণকে ১৩/০১/২০২৬ খ্রি. মঙ্গলবার, বিকাল ৪:০০ টার মধ্যে “উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট”-এর কার্যালয়ে জামানত বাবদ নগদ ৬৫,০০০/- (পাঁচ হাজার টাকা) জমা দিয়ে নাম নিবন্ধন করতে হবে। নির্ধারিত সময়ের পরে বা নিলাম চলাকালীন সময়ে কোনো টাকা গ্রহণ করা হতে না এবং নিলামে অংশগ্রহণ করতে পারবেনা।
- ২। প্রাক্কলিত মূল্য অনুযায়ী সর্বোচ্চ দরদাতার প্রস্তাব গৃহীত হবে। নির্বাচিত দরদাতাকে নিলাম সমাপ্তির সঙ্গে সঙ্গে নিলাম মূল্যের সমুদয় অর্থ নগদ পরিশোধ করতে হবে।
- ৩। গৃহীত নিলাম মূল্যের উপর বিধি মোতাবেক ১৫% ভ্যাট ও ১০% আয়কর প্রযোজ্য হবে, যা আলাদাভাবে পরিশোধ করতে হবে।
- ৪। সম্পূর্ণ মূল্য ও করাদি পরিশোধের পর, অনুমোদিত দরদাতাকে পত্র প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে, নিজ দায়িত্ব ও খরচে নিলামকৃত ডেস্ক-বেঞ্চ ও টেবিল বুঝে নিয়ে শ্রেণিকক্ষ খালি করতে হবে।
- ৫। দরদাতা নিলামকৃত ডেস্ক-বেঞ্চ ও টেবিল বুঝে নেওয়ার আগে তা অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বিক্রি বা হস্তান্তর করতে পারবেন না। এ বিষয়ে প্রমাণ পাওয়া গেলে, কর্তৃপক্ষ নিলাম বাতিলসহ নিলামমূল্য বাজেয়াপ্ত করার অধিকার সংরক্ষণ করেন।
- ৬। কর্তৃপক্ষ, কোনো কারণ দর্শানো ছাড়াই, যেকোনো বা সকল দর প্রস্তাব বাতিল বা গ্রহণ করার পূর্ণ অধিকার রাখেন।


মোহাম্মদ মোহেল মোল্লা
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার


ও
সদস্য সচিব
উপজেলা নিলাম কমিটি
ফেঞ্চুগঞ্জ, সিলেট
ফোন: ০২৯৯৬৬-৪৬৭৯৮

তারিখ: ০৮ জানুয়ারী, ২০২৬খ্রি.

স্মারক নং: ৩৮.০১.৯১৩৫.০০০.০০০.৩২.০০০৩.২৫.১৬/৭

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সিলেট।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট।
- ৪। উপজেলা প্রকৌশলী, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ৫। উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট ক্লাস্টার), ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ৬। সভাপতি, ফকিরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ৭। প্রধান শিক্ষক, ফকিরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, ফেঞ্চুগঞ্জ, সিলেট (বিদ্যালয়দ্বয়ের আশেপাশের এলাকায় মাইকিংসহ অন্যান্য প্রচারমাধ্যমে ব্যাপক প্রচার-প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলো)।


মোহাম্মদ মোহেল মোল্লা
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার